



প্রধান উপদেষ্টার নির্ধারিত সময়ে নির্বাচন, বিকল্প পরিকল্পনা দেশের জন্য ক্ষতিকর: প্রেস সচিব



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের ঘোষিত সময় অনুযায়ী আগামী নির্বাচনের কোনো বিকল্প নেই, এবং তা নির্ধারিত সময়েই অর্থাৎ ফেব্রুয়ারির প্রথমার্ধেই অনুষ্ঠিত হবে। রবিবার (৩১ আগস্ট) রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠকের পর প্রেস সচিব শফিকুল আলম সাংবাদিকদের এসব কথা জানান।

শফিকুল আলম বলেন, প্রধান উপদেষ্টা দলগুলোকে তার প্রতিশ্রুতি জানিয়ে বলেছেন যে, নির্বাচনের কোনো বিকল্প নেই। যদি কেউ বিকল্প কিছু ভাবে, তাহলে তা দেশের জন্য "গভীর বিপজ্জনক" হবে। বৈঠকে 'জুলাই সনদ' চূড়ান্ত করার বিষয়েও আলোচনা হয়েছে এবং রাজনৈতিক দলগুলো তাদের মতামত দিয়েছে।

তিনি আরও জানান, আসন্ন দুর্গাপূজার সময় দেশে যেন কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে, সে ব্যাপারে প্রধান উপদেষ্টা রাজনৈতিক দলগুলোকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। জাতীয় পার্টি সম্পর্কে দলগুলোর ভিন্ন ভিন্ন মতামতের কথাও তিনি উল্লেখ করেন।

সংখ্যানুপাতিক (পিআর) পদ্ধতির বিষয়ে প্রেস সচিব বলেন, এ বিষয়ে জাতীয় ঐকমত্য কমিশন তাদের সিদ্ধান্ত জানাবে। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক অস্থিরতা প্রসঙ্গে বলেন, স্থানীয় প্রশাসন আন্তরিকভাবে কাজ করছে এবং রাতের মধ্যেই একটি ভালো খবর আসতে পারে।